

নং-১২.০৫২.০০২.০০.০০.০০৬.২০১১-১০৯৪


তারিখ : ০৭ সেপ্টেম্বর ২০১৫ :

প্রজ্ঞাপন

বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়া এর মোকাদ্দমা নং-৪৩/২০০২, বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল এর আপীল নং-১১৭/২০০৪ এবং মহামান্য সুপ্রীম কোর্টের আপীলেট ডিভিশনের সিভিল পিটিশন ফর লিড টু আপীল নং-১৩০৯/২০১০ এর রায় অনুসরণপূর্বক অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর বাস্তবায়ন-৪ অধিশাখার ১২ নভেম্বর ২০১৪ তারিখের ০৭.০০.০০০০.১৬৪.১২.১০৪.১৪-১০৫ সংখ্যক এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর ০৯ জুলাই ২০১৫ তারিখের সিএও/কৃষি/ নিঃ ৩/২৬/৩১৪৫ সংখ্যক পত্রের পরিপ্রেক্ষিতে বিসিএস (কৃষি) ক্যাডারের কর্মকর্তাসহ কৃষি মন্ত্রণালয় ও এর অধীন সকল দপ্তর/সংস্থার কৃষি এজেন্ট (কৃষি, কৃষি অর্থনীতি, কৃষি প্রকৌশল) কর্মকর্তা যাঁদের চাকুরিতে প্রথম নিয়োগের সময় কারিগরি বেতনের পরিবর্তে একটি ইনক্রিমেন্ট প্রদান করা হয়, তাঁদের ক্ষেত্রে ৯ম, ৬ষ্ঠ ও ৫ম গ্রেড পদে বেতন পুনর্নির্ধারণের সময় প্রদত্ত উক্ত ইনক্রিমেন্টটি বিয়োগ করে বেতন পুনর্নির্ধারণের পর একটি ইনক্রিমেন্ট যোগ করে (প্রয়োজ্য পদ্ধতি অনুযায়ী) বেতন পুনর্নির্ধারণ সংক্রান্ত প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো।

০২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(মোঃ সারওয়ার মুশেদ চৌধুরী)
উপ-সচিব

ফোন : ৯৫৫৮৮৫৩

ই-মেইল : sasexten1@moe.gov.bd

নং-১২.০৫২.০০২.০০.০০.০০৬.২০১১-১০৯৪

তারিখ : ০৭ সেপ্টেম্বর ২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব, প্রশাসন ও উপকরণ/পিপিসি/নিরীক্ষা/সম্প্রসারণ/গবেষণা/মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৬. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৭. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৯. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়ময়সিংহ।
১০. মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
১১. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।
১২. মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।
১৩. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, জয়দেবপুর, গাজীপুর।
১৪. পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

১৫. নির্বাহী পরিচালক, বরেন্দ্র বল্মুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
১৬. নির্বাহী পরিচালক, ফলিত পুষ্টি ও মানব সম্পদ উন্নয়ন বোর্ড, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
১৭. পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা।
১৮. পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।
১৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২২. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ----- (সংশ্লিষ্ট)।
২৩. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ----- (সংশ্লিষ্ট)।
২৪. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ----- (সংশ্লিষ্ট)।
২৫. উপ-পরিচালক, সরকারী ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
২৬. প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
২৭. যুগ্ম-সচিব (সম্প্রসারণ) এর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।

